

স্বাক্ষর

তারিখ 25 SEP 1998
পৃষ্ঠা ১ কলাম ৫

উত্তরাঞ্চলে এইচএসসিতে ভাল ফলে মেয়েদের হ্যাট্রিক

মুলবুল চৌধুরী, রাজশাহী, ২৪ সেপ্টেম্বর
রাজশাহী শিক্ষা বোর্ডের এবারের এইচএসসি পরীক্ষায় উত্তরাঞ্চলের মেয়েরা ছেলেদের চেয়ে ভালো ফল করেছে। এনিমেষে পরপর তিনবারই রাজশাহী বোর্ডের মেয়েরা ছেলেদের তুলনায় এইচএসসি পরীক্ষায় ভালো ফল করল। অন্যদিকে রাজশাহী মহানগরীর নামী-দামি কলেজের চেয়ে মহানগরীর বাইরের কলেজগুলোর ছাত্র-ছাত্রীরাই মেধা তালিকায় স্থান পেয়েছে। রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন উত্তরাঞ্চলের ১৬টি জেলা থেকে এবারের এইচএসসি

পরীক্ষায় মোট এক লাখ ২৪ হাজার ছয়শ' ৯৯ জন পরীক্ষার্থী অংশ নিয়ে। এদের মধ্যে ৬৪ হাজার পাঁচশ' ৫৮ জন পরীক্ষার্থী পাস করেছে। রাজশাহী বোর্ডের এবারের এইচএসসির পাসের হার শতকরা ৫১ দশমিক ৭৭। এবারের এইচএসসি পরীক্ষায় রাজশাহী বোর্ডে মোট ৮২ হাজার আটশ' ৩১ জন ছেলে পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে পাস করেছে মোট ৪১ হাজার সাতশ' ২১ জন। ছাত্রদের পাসের হার হচ্ছে শতকরা ৫০ দশমিক ৩৭। পক্ষান্তরে ৪১ হাজার আটশ' ৬৮ জন মেয়ে পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিলে এদের মধ্যে

২২ হাজার আটশ' ৩৭ জন পাস করেছে। মেয়েদের এবারের পাসের হার শতকরা ৫৪ দশমিক ৫৫। ৯৭ সালে রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষায় মোট এক লাখ ৫৮ হাজার চারশ' চারজন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করে ৬২ হাজার ৯৫ জন। মোট পাসের হার ছিল শতকরা ৩৮ দশমিক ৬৩। এর মধ্যে পরীক্ষায় অংশ নিয়েছিল মোট এক লাখ তিন হাজার সাতশ' ৪৮ জন ছেলে পরীক্ষার্থী। গতবার পাস করে মোট ৩৮ হাজার সাতশ' ৪৮ জন ছেলে। ছেলেদের ২ পৃষ্ঠার ১-এর কঃ দেখুন

মেয়েদের হ্যাট্রিক

প্রথম পৃষ্ঠার পর

পাসের হার ছিল শতকরা ৩৭ দশমিক ৩৫। অন্যদিকে গত বছর ৫৪ হাজার ছয়শ' ৫৭ জন মেয়ে পরীক্ষায় অংশ নিলে এদের মধ্যে পাস করেছিল ২৩ হাজার তিনশ' ৪৭ জন। মেয়েদের শতকরা পাসের হার গত বছর ছিল ৪২ দশমিক ৭২।

এর আগে ১৯৯৬ সালের এইচএসসি পরীক্ষায় রাজশাহী বোর্ডে মোট ৭৯ হাজার ছয়শ' ৬২ জন ছেলে পরীক্ষার্থী অংশ নিয়ে ১৮ হাজার তিনশ' ৮৫ জন ছেলে পাস করে। ছেলেদের শতকরা পাসের হার ২৩ দশমিক শূন্য আট ছিল। পক্ষান্তরে ৪১ হাজার ৪৭ জন মেয়ে পরীক্ষায় অংশ নিয়ে নয় হাজার নয়শ' ৪৪ জন মেয়ে পাস করেছিল। মেয়েদের শতকরা পাসের হার ছিল ২৪ দশমিক ২৩। রাজশাহী বোর্ডের ৯৬ সালের এইচএসসি পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল এক লাখ ২০ হাজার সাতশ' নয়জন এবং পরীক্ষায় কৃতকার্য হয় মোট ২৮ হাজার তিনশ' ২৯ জন। সে বার পরীক্ষায় মোট পাসের হার ছিল মাত্র ২৩ দশমিক ৪৭।

এছাড়া রাজশাহী শিক্ষা বোর্ডে এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে দেখা যায়, রাজশাহী সরকারী নিউ ডিগ্রি কলেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজসহ মহানগরীর নামী-দামি কলেজগুলোর ছাত্র মেধা তালিকায় এক থেকে দশের মধ্যে কেউ স্থান করতে পারেনি। তবে রাজশাহীর বাইরে সারদায় অবস্থিত রাজশাহী ক্যাডেট কলেজ বিজ্ঞান গ্রুপের মেধা তালিকায় তৃতীয় (যুগ্মভাবে), ৭ম ও ৮ম, দুর্গাপুর থানার দাউকান্দি কলেজ বাণিজ্য গ্রুপের মেধা তালিকায় ২য় ও ৯ম স্থান, বাগমারার মচমইল কলেজ মানবিক গ্রুপের মেধা তালিকায় ৩য় স্থান এবং চারঘাটের এমএ হাই কলেজ ষষ্ঠ স্থান (যুগ্মভাবে) অধিকার করেছে। শুধুমাত্র রাজশাহী কলেজের একজন মানবিকে নবম হয়েছে। উল্লেখ্য, এবারের এইচএসসি পরীক্ষায় প্রকাশিত ফলাফলের তিন গ্রুপের সম্মিলিত মেধা তালিকার মোট ৭২ জনের মধ্যে রাজশাহী জেলা থেকে ১৭ জন স্থান পেয়েছে। গত বছর রাজশাহী থেকে ৭২ জনের মধ্যে ২৮ জন স্থান পেয়েছিল।